বাংলাদেশে বিনিয়োগ বাড়াতে অস্ট্রেলিয়ার প্রতি আহ্বান প্রধানমন্ত্রীর



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

বাংলাদেশে অস্ট্রেলীয় বিনিয়োগ বাড়ানো এবং রোহিঙ্গাদের নিরাপদ প্রত্যাবাসনে সহযোগিতা চেয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

বৃহস্পতিবার (১২ নভেম্বর) সকালে তুরস্কের আন্তালিয়ায় কপ-৩১ সম্মেলনের ফাঁকে অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী অ্যান্থনি আলবানিজের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠকে এসব বিষয় নিয়ে আলোচনা করেন তিনি। বৈঠকে জলবায়ু পরিবর্তন, কৃষি ও নবায়নযোগ্য জ্বালানি নিয়েও কথা হয়।

বৈঠকে তারেক রহমান অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রীকে বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানান। জবাবে আগামী বছর সুবিধাজনক সময়ে বাংলাদেশে আসার আগ্রহ প্রকাশ করেন আলবানিজ। তিনিও তারেক রহমানকে অস্ট্রেলিয়া সফরের আমন্ত্রণ জানান।

জলবায়ু সংকট মোকাবিলায় ঝুঁকিপূর্ণ দেশগুলোর প্রয়োজনকে গুরুত্ব দেওয়ার আহ্বান জানিয়ে প্রধানমন্ত্রী কপ-৩১-এর আলোচনা প্রক্রিয়ায় অস্ট্রেলিয়ার ভূমিকার প্রশংসা করেন। পাশাপাশি বাংলাদেশে বিদেশি বিনিয়োগের সুযোগ তুলে ধরে অস্ট্রেলীয় বিনিয়োগ বাড়ানোর আহ্বান জানান।

রোহিঙ্গা সংকটের স্থায়ী সমাধান মিয়ানমারেই বলে উল্লেখ করে তারেক রহমান তাদের নিরাপদ প্রত্যাবাসনে অস্ট্রেলিয়ার কূটনৈতিক সহযোগিতা জোরদারের অনুরোধ করেন।

এ ছাড়া ২০৩০ সালের মধ্যে দেশের বিদ্যুৎ চাহিদার ২০ শতাংশ নবায়নযোগ্য উৎস থেকে পূরণের লক্ষ্য এবং পরিবেশ রক্ষায় ২৫ কোটি গাছ রোপণ ও খাল খনন কর্মসূচির কথা তুলে ধরেন প্রধানমন্ত্রী।